ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭১৮

আগরতলা, ১৫ মে,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'এস.ডি.এম. অফিসে হ্গব রাজ চলছে নৈরাজ্য, মানুষের দুর্ভোগ' শিরোনামে ১১-০৫-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক এক স্পষ্টিকরণ দিয়েছেন। সাব্রুম মহকুমা শাসকের এক রিপোর্টের ভিত্তিতে স্পষ্টিকরণে বলা হয়েছে যে, সংবাদে উল্লিখিত তথ্য সম্পূর্ণরূপে বিভ্রান্তিমূলক, কল্পনাপ্রসূত এবং সত্য নয়। সংবাদ অনুসারে মহকুমা শাসকের কার্যালয়ে এরকম কোনও অভিযোগ পাওয়া যায়নি। সংবাদটি এমনভাবে বানানো হয়েছে যাতে মহকুমা শাসকের কার্যালয়কে অপবাদ দেওয়া যায়। সমস্ত প্রয়োজনীয় তথ্য দলিলপত্র জমা দেওয়া সাপেক্ষে আধার কার্ড সম্পর্কিত সহায়তা, রেশন কার্ডে নাম অন্তর্ভুক্তি ও অন্যান্য পরিষেবা সময়মতো এবং সুশৃঙ্খলভাবে প্রদান করা হচ্ছে। যদি কোনও সময় একটু দেরিও হয়ে যায় তাহলে তা হচ্ছে শুধুমাত্র অতিরিক্ত কাজের চাপ থাকলে কিংবা প্রক্রিয়াগত কারণে এবং অবহেলার কারণে নয়।

স্পষ্টিকরণে আরও বলা হয়, সংশ্লিষ্ট কার্যালয়ের সমস্ত কর্মী নির্দিষ্ট প্রক্রিয়া মেনে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা নিযুক্ত হয়েছে। তারা সবাই তাদের কাজ নিষ্ঠার সাথে করে যাচ্ছেন। আধিকারিকরা কাজে অনুপস্থিত থাকেন কিংবা অফিসে কাজ চলছে না কথাটি ভিত্তিহীন। প্রতিদিন কর্মীদের উপস্থিতি খতিয়ে দেখা হয়। তাছাড়া এই অফিসের কাজকর্মের উপর জেলাশাসকের কার্যালয় এবং রাজ্যস্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি রয়েছে।

*****